

বাকুবির নতুন উপাচার্য ড. এমদাদুল হক

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ

১২ জুলাই ২০২৩ ০৮:১৪ পিএম | আপডেট: ১২ জুলাই

২০২৩ ০৮:১৪ পিএম

3
Shares



বাকুবির নতুন উপাচার্য ড. এমদাদুল হক। ছবি: সংগৃহীত

advertisement..

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন প্যাথলজি বিভাগের অধ্যাপক ড. এমদাদুল হক চৌধুরী। তিনি বিশ্ববিদ্যালয়টির ২৫তম উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন।

আজ বুধবার রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব মোছা. রোখছানা বেগম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে উপাচার্য নিয়োগের বিষয়টি নিশ্চিত করা হয়।

তিনি সদ্যবিদ্যার্থী উপাচার্য অধ্যাপক ড. লুৎফুল হাসানের স্থলাভিষিক্ত হলেন। আগামী ৪ বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

ড. এমদাদুল হক চৌধুরী বাকৃবির পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক, প্যাথলজি বিভাগের প্রধান, প্রভোস্ট কাউন্সিলের আহ্বায়ক, নিরাপত্তা পরিদের চেয়ারম্যান, হল প্রভোস্ট এবং ইন্টারডিসিপ্লিনারি ইন্সিটিউট ফর ফুড সিকিউরিটির কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেছেন।

এছাড়া তিনি চট্টগ্রাম ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সাইন্সেস বিশ্ববিদ্যালয় ও টিশা খাঁ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও বিশ্ব ভেটেরিনারি ও পোল্ট্রি সমিতির সভাপতির দায়িত্বে রয়েছেন।

অধ্যাপক ড. এমদাদুল হক চৌধুরী ফরিদপুর জেলার সদরপুর থানায় জন্মগ্রহণ করেন। শিক্ষা জীবনে কৃতিত্বের অধিকারী ড. এমদাদুল হক চৌধুরী বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি সায়েন্স অনুষদ থেকে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (সম্মিলিত মেধা তালিকায় প্রথম শ্রেণীতে ২য় স্থান) এবং সম্মিলিত মেধা তালিকায় প্রথম শ্রেণীতে ১ম স্থান অর্জন করে মাস্টার অব সায়েন্স ডিগ্রি লাভ করেন। পরে ১৯৯৯ সালে সুইজারল্যান্ডের ইউনিভার্সিটি অব জুরিখ থেকে সমানের সঙ্গে পিএইচ.ডি ডিগ্রি অর্জন এবং ২০০১-২০০২ সালে জাপান থেকে পোস্ট ডক্টরাল ফেলোশিপ সম্পন্ন করেন।